দৈনিক ইনকিলাব

তারিখ 06 APR 2008
পৃষ্ঠা ২২ কলাম ২

# রাশেদা কে চৌধুরীর সাথে কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দের সাক্ষাৎ

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় নির্বাহী কমিটি গতকাল (শনিবার) দুপুর ১২টায় প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা রাশেদা কে চৌধুরীর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তিনি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় জাতীয় বেতন স্কেল শতকরা ৮০, ৯০, ও ৯৫ ভাগ হিসেবে রূপান্তরের বিষয়াবলী সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে বলে জানান। এর ফলশ্রুতিতে এ বিষয়ে শিগগিরই কিছু দিকনির্দেশনা জারী করা হবে। এমতাবস্থায় এরই আলোকে ইতোমধ্যে কিছু দিকনির্দেশনা এসেছে। সাক্ষাতের সময় দেশের বিভিন্ন থানা, জেলা ও কেন্দ্রীয় পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।